অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের জন্য হোম কেয়ার সেবা বলীয়ান করার পরিকল্পনার পরবর্তী ধাপসমূহ ঘোষণা করলেন

হোম কেয়ার ব্যবহারকারীদের উচ্চমানের সেবাদান করতে, কেয়ারগিভারদের সমর্থন করতে, এবং অত্যাবশ্যকীয় CDPAP কর্মসূচির দীর্ঘমেয়াদি স্থিতিশীলতা নিশ্চিত করতে স্টেটব্যাপী অংশীদারিত্ব

30টির বেশি আঞ্চলিক হোম কেয়ার অংশীদারের নতুন জোট একাধিক ভাষায়, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল কেয়ার নিশ্চিত করবে

নতুন অংশীদারিত্বের সদর দপ্তর হবে নিউ ইয়র্ক স্টেটে এবং এটি নিউ ইয়র্কবাসীদের জন্য 1,200 এর বেশি কর্মসংস্থান তৈরি করবে

স্টেটের কর্মকর্তা এবং অংশীদারগণ হোম কেয়ার ব্যবহারকারী, অক্ষমতা এবং এজিং অ্যাডভোকেট, নির্বাচিত কর্মকর্তা, এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে 30টির বেশি আঞ্চলিক অংশীদারকে নিয়ে একটি স্টেটব্যাপী অংশীদার ও বৈচিত্র্যময় জোটের ঘোষণা করেছেন যা নিউ ইয়র্কের ভোক্তা নির্দেশিত ব্যক্তিগত সহায়তা কর্মসূচিকে (Consumer Directed Personal Assistance Program, CDPAP) বলীয়ান করবে, যা আনুমানিক 250,000 নিউ ইয়র্কবাসীকে অত্যাবশ্যকীয় হোম কেয়ার সেবা প্রদান করে। স্টেটব্যাপী এই অংশীদারিত্বটি 2025 সালের মাঝামাঝি সময় থেকে কার্যকর হবে। এটি অর্থবছর 2025 স্টেট বাজেটের অংশ হিসেবে এপ্রিল মাসে স্টেটের আইনসভায় পাশ হওয়া এবং গভর্নর কর্তৃক অনুমোদন পাওয়া CDPAP এর জন্য পরিকল্পনার অনুবর্তী।

"হোম কেয়ার ব্যবহারকারীদের সুরক্ষিত রাখা, কেয়ারগিভারদের সমর্থন করা এবং অত্যাবশ্যকীয় CDPAP কর্মসূচির উপর নির্ভর করা নিউ ইয়র্কবাসীদের জন্য এটি অব্যাহত রাখা নিশ্চিত করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ," **গভর্নর হোকল বলেন।** "আমাদের পরিকল্পনাটি আরো বলীয়ান একটি CDPAP প্রদান করবে এবং নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় উচ্চমানের, ব্যক্তিগতকৃত সেবা প্রদান নিশ্চিত করতে একটি বৈচিত্র্যময় স্টেটব্যাপী অংশীদারিত্বকে কাজে লাগবে।"

নিউ ইয়র্কের স্টেটব্যাপী অংশীদার হলো পাবলিক পার্টনারশিপস এলএলসি (Public Partnerships LLC, PPL) যা এর জাতীয় সদর দপ্তর নিউ ইয়র্ক স্টেটে নিয়ে আসবে এবং নিউ ইয়র্কবাসীদের জন্য 1,200 এর বেশি কর্মসংস্থান তৈরি করবে, সেই সাথে পুরো স্টেটে বর্তমানে কর্মরত CDPAP কেয়ারগিভারদের সমর্থন করবে।

এই প্রক্রিয়ার অংশ হিসেবে, হোম কেয়ার ব্যবহারকারীদের জন্য CDPAP যোগ্যতা পরিবর্তিত হবে না, এবং কর্মসূচির মাধ্যমে কেয়ার প্রাপ্ত ব্যক্তিদের পুনরায় আবেদন করতে হবে না। পাশাপাশি, CDPAP কে বলীয়ান করার এই প্রক্রিয়াটি নিশ্চিত করবে যাতে কেয়ারগিভারদের সময়মতো পেমেন্ট প্রদান করা অব্যাহত থাকে এবং এই কর্মসূচির উপর নির্ভর করা ব্যক্তিদের সেবায় কোনো বিঘ্ন না আসে।

হোম কেয়ার ব্যবহারকারীদের সুরক্ষিত রাখতে নিউ ইয়র্কের চলমান প্রতিশ্রুতির অংশ হিসেবে গভর্নর এছাড়াও ঘোষণা করেছেন যে স্টেটের কর্মকর্তা এবং অংশীদারগণ এখন একটি সার্বিক ট্রানজিশন প্রক্রিয়া শুরু করবে যেখানে আগামী মাসগুলিতে CDPAP ব্যবহারকারী এবং কেয়ারগিভার, অক্ষমতা ও এজিং অ্যাডভোকেট, এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সরাসরি দেখা করা হবে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "এই চুক্তি প্রদান নিশ্চিত করবে যে স্টেট ভোক্তা নির্দেশিত ব্যক্তিগত সহায়তা কর্মসূচির জন্য প্রয়োজনীয় কেয়ারের বিকল্প প্রদান করা অব্যাহত রাখবে, এবং একই সাথে যাদের প্রয়োজন তাদেরকে নির্বিঘ্নে সেবা ও কেয়ার প্রদান, আরো বেশি আর্থিক দায়বদ্ধতা, এবং সেবাদানকারীদের সময়মতো পেমেন্ট করার জন্য অত্যাবশ্যকীয় এই কর্মসূচিটিকে বলীয়ান করবে। এই কর্মসূচির মাধ্যমে সেবাপ্রাপ্ত ব্যক্তিদের অপচয় ও শোষণ থেকে সুরক্ষিত রাখা গভর্নর হোকল অব্যাহত রেখেছেন, এবং এই বৈচিত্র্যময় নতুন জোটটি বর্তমানে যারা এর উপর নির্ভর করছে এবং ভবিষ্যতে যাদের এর প্রয়োজন হবে তাদের জন্য সহজে অ্যাক্সেসিবল, একাধিক ভাষায় প্রদত্ত সাংস্কৃতিকভাবে সংবেদনশীল হোম কেয়ার প্রদান করতে নিউ ওয়ার্ক স্টেটের প্রতিশ্রুতি ও চলমান কাজকে নিরাপদ রাখবে।"

PPL এর প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ভিন্স কপোলা বলেন, "ভোক্তা নির্দেশিত ব্যক্তিগত সহায়তা কর্মসূচির এই ট্রানজিশনে স্টেট, আমাদের 30 এর বেশি আঞ্চলিক FI। অংশীদার, এবং স্থানীয় অ্যাডভোকেটদের অংশীদার হিসেবে কাজ করতে আমরা উৎসুক ও গর্বিত। কর্মসূচির উপর নির্ভর করা বহু নিউ ইয়র্কবাসীর জন্য একটি সংস্কৃতিকভাবে সংবেদনশীল প্রক্রিয়া প্রদান করতে আমরা যে কাজ করছি সেক্ষেত্রে আমাদের মূল উদ্দেশ্য হলো ভোক্তা ও কেয়ারগিভারদের জন্য সর্বনিম্ন বিঘ্ন নিশ্চিত করা।"

1199SEIU ইউনাইটেড হেলথকেয়ার ওয়ার্কার্স ইস্টের (1199SEIU United Healthcare Workers East) প্রেসিডেন্ট জর্জ গ্রিশাম বলেন, "আমরা জানি যে হোম কেয়ারের জন্য পৃথক করে রাখা করদাতাদের মার্কিন ডলার প্রায়শই অত্যধিক প্রশাসনিক ব্যয় এবং বহু মিলিয়ন মার্কিন ডলার নির্বাহী বেতনে বৃথা ব্যয় হয়ে যায়। দুর্বল নিউ ইয়র্কবাসী যাতে তাদের নিজ বাসায় মর্যাদা নিয়ে বেঁচে থাকতে পারে, এবং একই সাথে বয়স্ক ব্যক্তি ও অক্ষমতা নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদের এতো বেশি সমর্থন প্রদান করা কেয়ারগিভারদের সুরক্ষিত রাখা নিশ্চিত করার জন্য চিন্তাশীলভাবে এই কর্মসূচির ট্রানজিশন হলো মুখ্য। বিশেষ স্বার্থের পক্ষে থাকা এবং হোম কেয়ার

ভোক্তা এবং তাদের কেয়ার প্রদান করা কর্মীদের আরো সুরক্ষিত রাখতে এই পদক্ষেপ গ্রহণের জন্য আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি। অবশেষে সার্বিক মেডিকেইড কর্মসূচিতে সমতা নিশ্চিত করার জন্য এবং হোম কেয়ার ভোক্তা ও কর্মীদের জন্য একটি মসৃণ ট্রানজিশন নিশ্চিত করার জন্য গভর্নরের সাথে সহযোগিতামূলক কাজ করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

এছাড়াও PPL এর সাথে একটি স্টেটব্যাপী অংশীদারিত্বে জড়িত হওয়ার মাধ্যমে পুরো স্টেটজুড়ে PPL এর বৈচিত্র্য উপচুক্তিপ্রাপ্ত অংশীদারদের জোটকে স্টেট সক্রিয় করছে, যা নিশ্চিত করবে যে আঞ্চলিক ভিত্তিতে CDPAP এর ব্যবহারকারীদের জন্য একাধিক বাসায়, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল হোম কেয়ার সহজে অ্যাক্সেসিবল হবে।

স্টেটের অনুমোদনের প্রেক্ষিতে, বৈচিত্র্যময় এই জোটে যারা থাকবে বলে আশা করা যাচ্ছে:

- চারটি কেন্দ্রীয় আঞ্চলিক হোম কেয়ার অংশীদার:
    - নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টার কাউন্টির শীর্ষ আঞ্চলিক অংশীদার, চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল (Chinese American Planning Council)।
        - রকল্যান্ড, ডাচেস, পুটন্যাম এবং আশেপাশের কাউন্টিসহ হাডসন ভ্যালি অঞ্চলের শিরষ্ট আঞ্চলিক অংশীদার, কনসেপ্টস অফ ইন্ডিপেন্ডেন্স, ইনকর্পোরেটেড (Concepts of Independence, Inc.)।
            - অ্যালবানি, সারাটোগা, রচেস্টার, বাফেলো, সিরাকিউজ এবং আশেপাশের কাউন্টিসহ মধ্য স্টেটের এলাকাসমূহের শীর্ষ আঞ্চলিক অংশীদার, এঞ্জেলস ইন ইয়োর হোম (Angels In Your Home)।
                - অ্যালেগানি, ওসওয়েগা, হ্যামিল্টন, ক্লিন্টন এবং আশেপাশের কাউন্টিসহ আপস্টেট এবং সাউথওয়েস্টার্ন এলাকার শীর্ষ আঞ্চলিক অংশীদার, কনজিউমার ডিরেক্টেড চয়েসেজ (Consumer Directed Choices, CDচয়েসেজ)।

- সম্প্রদায়ভিত্তিক সেবাদানকারীদের কৌশলী অংশীদারিত্ব জোট:
    - বর্তমানে নিউ ইয়র্কের CDPAP তে 30 এর বেশি ভিন্ন ভিন্ন হোম কেয়ার এজেন্সি সক্রিয় আছে যারা পুরো স্টেটের সম্প্রদায়সমূহে একাধিক ভাষার, সাংস্কৃতিকভাবে সংবেদনশীল কেয়ারের ব্যাপক ব্যাপ্তি প্রদান করে। এই কৌশলী অংশীদারিত্ব জোটে অংশগ্রহণ করা অন্যান্য এজেন্সির একটি পূর্ণাঙ্গ তালিকা অদূর ভবিষ্যতে ঘোষণা করা হবে।

চাইনিজ আমেরিকান প্ল্যানিং কাউন্সিল হোম অ্যাটেন্ডেন্ট প্রোগ্রাম ইনকর্পোরেটেডের (Chinese-American Planning Council Home Attendant Program Inc., CPCHAP) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ওয়েন হো বলেন, "PPL এ আমরা এমন একজন অংশীদার খুঁজে পেয়েছি যারা সাংস্কৃতিক যোগ্যতাকে অগ্রাধিকার প্রদান করে এবং সুবিধাবঞ্চিত

সম্প্রদায়সমূহে সমর্থন প্রদান করে। আমাদের আঞ্চলিক FI অংশীদারদের সাথে একত্রে, CDPAP স্টেকহোল্ডারদের জন্য সেবা ও সংস্থানের অ্যাক্সেসের প্রচার করা অব্যাহত রাখতে আমরা উন্মুখ।"

কনসেপ্টস অফ ইন্ডিপেন্ডেন্সের প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্থনি ক্যাপুটো বলেন, "আগামী বছরগুলিতে যে FIসমূহ CDPAP কে অগ্রসর করবে সেই দলের অংশ হতে পেরে আমরা অতি আনন্দিত। PPL এবং FIগুলির কৌশলী অংশীদার জোট আমাদের সবথেকে দুর্বল নাগরিকদের জন্য এই কর্মসূচির গুরুত্ব অনুধাবন করতে পারে, এবং নির্বিঘ্নে এই ট্রানজিশন করার জন্য আমরা দৃঢ়সংকল্প।"

এঞ্জেলস ইন ইয়োর হোমের প্রধান নির্বাহী কর্মকর্তা জন ওয়েগম্যান বলেন, "25 বছর ধরে PPL বয়স্ক এবং অক্ষম সম্প্রদায়সমূহকে সেবাদান করে আসছে, তাই তারা যখন আমাদের একটি আঞ্চলিক FI অংশীদার হতে অনুরোধ করে তখন আমরা আনন্দিত হয়েছি। আমাদের উদ্দেশ্য হলো CDPAP ভোক্তা এবং ব্যক্তিগত সহকারীদের প্রতি আমাদের সেবা অব্যাহত রাখা এবং একই সাথে অন্যান্য FI থেকে বদলি হয়ে আসা CDPAP স্টেকহোল্ডারদের স্থান দিয়ে ধারণক্ষমতা সম্প্রসারিত করা।"

কনজিউমার ডিরেক্টেড চয়েসেজের প্রধান নির্বাহী কর্মকর্তা ক্রিস গ্র্যাবার বলেন, "CDচয়েসেজ CDPAP এর জন্য একটি পথিকৃৎ FI হয়ে আছে এবং ভোক্তা ও ব্যক্তিগত সহকারীদের জন্য কর্মসূচিটি উন্নত করতে ধারাবাহিকভাবে প্রচেষ্টা করে আসছে। সামনের দিনে PPL দলের অংশ হতে পেরে আমরা গর্বিত এবং একটি মসৃণ ট্রানজিশন এবং কর্মসূচিকে টেকসই করার উদ্দেশ্যে আমরা কাজ করতে থাকবো।"

নিউ ইয়র্ক সিটি পার্টনারশিপের (Partnership for New York City) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা ক্যাথরিন ওয়াইল্ড বলেন, "CDPAP বলীয়ান করে গভর্নর হোকল বাস্তব নেতৃত্ব প্রদর্শন করেছেন যাতে নিশ্চিত হয়েছে যে করদাতাদের অর্থ এর সঠিক উদ্দেশ্যে ব্যবহার করা হবে, যা হলো CDPAP হোম কেয়ার ব্যবহারকারীদের জন্য উচ্চমানের সেবা প্রদান। এই পরিকল্পনাটি অগ্রসর হতে দেখার জন্য আমরা উন্মুখ যাতে করে এটি এই কর্মসূচির জন্য যথাযথ নিয়ন্ত্রক তত্ত্বাবধান প্রদান করতে পারে এবং হোম কেয়ার ব্যবহারকারী ও তাদের কেয়ারগিভারদের জন্য সেরা ফলাফল প্রদান করতে পারে।"

পাশাপাশি, গভর্নর হোকল তুলে ধরেছেন যে স্টেটের কর্মকর্তা এবং অংশীদারগণ এখন একটি সার্বিক ট্রানজিশন প্রক্রিয়া শুরু করবে যার মূল উদ্দেশ্য হবে CDPAP হোম কেয়ার ব্যবহারকারী এবং কেয়ারগিভারদের মধ্যে যোগাযোগ, আলাপচারিতা এবং সমর্থন নিশ্চিত করা।

ট্রানজিশন প্রক্রিয়াটি আগামী মাসগুলিতে অব্যাহত থাকবে এবং নিশ্চিত করবে যাতে হোম কেয়ার ব্যবহারকারী এবং কেয়ারগিভারগণ এই নতুন স্টেটব্যাপী অংশীদারিত্ব কার্যকর হওয়ার আগ পর্যন্ত সুরক্ষিত থাকে।

এই প্রক্রিয়ায় যা থাকবে:

- পুরো স্টেটে হোম কেয়ার ব্যবহারকারী এবং কেয়ারগিভারদের সাথে সশরীরে এবং ভার্চ্যুয়ালি দেখা করা।
- অক্ষমতা এবং সিনিয়র অ্যাডভোকেসি গোষ্ঠীর সাথে সমন্বয়।
- পুরো স্টেটের নির্বাচিত কর্মকর্তাদের সাথে উন্মুক্ত আলোচনা।
- নতুন স্টেটব্যাপী অংশীদারিত্ব কার্যকর হওয়ার পূর্বে হোম কেয়ার ব্যবহারকারী এবং কেয়ারগিভারদের প্রয়োজনীয়তা যাতে সম্পূর্ণভাবে বিবেচনা করা হয় তা নিশ্চিত করতে স্টেটের কর্মকর্তাদের সাথে চলমান পর্যালোচনা।

পাশাপাশি, PPL তুলে ধরেছে যে নতুন স্টেটব্যাপী পার্টনারশিপে থাকবে প্রিন্ট, ডিজিটাল এবং সোশ্যাল মিডিয়া কন্টেন্টভিত্তিক একটি বলীয়ান, একাধিক ভাষার, অ্যাক্সেসিবল যোগাযোগ পরিকল্পনা যা নিশ্চিত করবে যে হোম কেয়ার ব্যবহারকারী এবং তাদের পরিবার তাদের জন্য উপলভ্য CDPAP সেবা সম্পর্কে জানে এবং নিজেদের প্রয়োজন সমাধান করার জন্য যথাযথ কেয়ারগিভার বাছাই করা হোম কেয়ার ব্যবহারকারীদের জন্য সহজ করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন